গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

# নবাবপুর সরকারি উচ্চ বিদ্যালয়

কাপ্তান বাজার, ওয়ারী, ঢাকা-১২০৩, ফোন : ৪৭১১২৮৪৬
EIIN-108487 e-mail : nawabpur1935@yahoo.com web : www.nawabpurghs.edu.bd

## ডিজিটাল লটারির মাধ্যমে ভর্তির ফলাফল সংক্রান্ত বিজ্ঞপ্তি- ২০২২

১৫/১২/২০২১

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, নবাবপুর সরকারি উচ্চ বিদ্যালয়ে ২০২২ শিক্ষাবর্ষে বিভিন্ন শ্রেণিতে ভর্তির জন্য আবেদনকারীদের মধ্য থেকে ডিজিটাল লটারির মাধ্যমে চূড়ান্তভাবে নির্বাচিত ছাত্রদের তালিকা ও অপেক্ষমান তালিকা প্রকাশ করা হলো। **নির্বাচিত ছাত্রদের ভর্তি শেষে আসন শূন্য থাকা সাপেক্ষে অপেক্ষমান তালিকা থেকে পর্যায়ক্রমে ছাত্র ভর্তি করা হবে।** ২০২২ শিক্ষাবর্ষে বিভিন্ন শ্রেণির নির্ধারিত শূন্য আসন সংখ্যা পূর্ণ হওয়ার সাথে সাথে ছাত্র ভর্তি কার্যক্রম সমাপ্ত করা হবে। সম্মানিত অভিভাবক ও ছাত্রদের সতর্কতার সাথে ভর্তি কার্যক্রম অনুসরণ করতে নির্দেশনা দেওয়া হলো।

## ২০২২ শিক্ষাবর্ষে বিভিন্ন শ্রেণিতে ছাত্র ভর্তির বিস্তারিত কার্যক্রম

| তারিখ | কার্যক্রম |
|---|---|
| ১৮/১২/২০২১খ্রিঃ, শনিবার এবং ১৯/১২/২০২১খ্রিঃ, রবিবার | প্রভাতি ও দিবা উভয় শাখায় ভর্তির জন্য নির্বাচিত ছাত্রদের ভর্তির মূল আবেদনপত্র ও ভর্তির জন্য নির্বাচিত হওয়ার ফলাফল কপিসহ নিজে উপস্থিত হয়ে নগদ ১০.০০ টাকার বিনিময়ে সকাল ১০:০০টা থেকে বেলা ২:০০টার মধ্যে ভর্তি ফরম সংগ্রহ করতে হবে।<br>ক্যাচমেন্ট এরিয়া কোটা, শিক্ষকের সংরক্ষিত কোটা, প্রতিবন্ধি কোটা ও মুক্তিযোদ্ধা কোটায় নির্বাচিত ছাত্রদের ভর্তি ফরম সংগ্রহের সময় অবশ্যই কোটার স্বপক্ষে প্রয়োজনীয় সনদ/প্রমাণ দেখাতে হবে অন্যথায় ভর্তি ফরম দেওয়া হবে না। |
| ২০/১২/২০২১খ্রিঃ, সোমবার<br>২১/১২/২০২১খ্রিঃ, মঙ্গলবার<br>২২/১২/২০২১ খ্রিঃ, বুধবার | শুধুমাত্র ভর্তি ফরম সংগ্রহ করা নির্বাচিত ছাত্রদের প্রভাতি ও দিবা উভয় শাখার স্ব-স্ব শ্রেণিতে ভর্তি করা হবে।<br>**ভর্তির সময়**- প্রভাতি ও দিবা উভয় শাখা সকাল ১০:০০টা থেকে বেলা ২:০০টা পর্যন্ত |
| ২৩/১২/২০২১খ্রিঃ বৃহস্পতিবার | ২২/১২/২০২১ মঙ্গলবারের মধ্যে যেসব ছাত্র ভর্তি হতে ব্যর্থ হবে তাদের শূন্য আসন (যদি থাকে) এর বিপরীতে **অপেক্ষমান তালিকা থেকে ১ম বার নির্বাচিত** ছাত্রদের তালিকা বিকাল ১:০০ টায় বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।<br>প্রভাতি ও দিবা উভয় শাখার **অপেক্ষমান তালিকা থেকে ১ম বার নির্বাচিত** ছাত্রদের ভর্তির মূল আবেদনপত্র ও ভর্তির জন্য নির্বাচিত হওয়ার ফলাফলের কপিসহ নিজে উপস্থিত হয়ে নগদ ১০.০০ টাকার বিনিময়ে বেলা ১:০০টা থেকে বেলা ৩:০০টার মধ্যে ভর্তি ফরম সংগ্রহ করতে হবে। |
| ২৬/১২/২০২১খ্রিঃ, রবিবার এবং ২৭/১২/২০২১খ্রিঃ, সোমবার | শুধুমাত্র ভর্তি ফরম সংগ্রহ করা **অপেক্ষমান তালিকা থেকে ১ম বার নির্বাচিত** ছাত্রদের প্রভাতি ও দিবা উভয় শাখার স্ব-স্ব শ্রেণিতে ভর্তি করা হবে।<br>**ভর্তির সময়**- প্রভাতি ও দিবা উভয় শাখা সকাল ১০:০০টা থেকে বেলা ২:০০টা পর্যন্ত |
| ২৮/১২/২০২১খ্রিঃ মঙ্গলবার | ২৭/১২/২০২১খ্রিঃ সোমবারের মধ্যে যেসব ছাত্র ভর্তি হতে ব্যর্থ হবে তাদের শূন্য আসন (যদি থাকে) এর বিপরীতে **অপেক্ষমান তালিকা থেকে ২য় বার নির্বাচিত** ছাত্রদের তালিকা সকাল ১১:০০ টায় বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।<br>প্রভাতি ও দিবা উভয় শাখার **অপেক্ষমান তালিকা থেকে ২য় বার নির্বাচিত** ছাত্রদের ভর্তির মূল আবেদনপত্র ও ভর্তির জন্য নির্বাচিত হওয়ার ফলাফলের কপিসহ নিজে উপস্থিত হয়ে নগদ ১০.০০ টাকার বিনিময়ে সকাল ১১:০০টা থেকে বেলা ৩:০০টার মধ্যে ভর্তি ফরম সংগ্রহ করতে হবে। |
| ২৯/১২/২০২১খ্রিঃ বুধবার | শুধুমাত্র ভর্তি ফরম সংগ্রহ করা **অপেক্ষমান তালিকা থেকে ২য় বার নির্বাচিত** ছাত্রদের প্রভাতি ও দিবা উভয় শাখার স্ব-স্ব শ্রেণিতে ভর্তি করা হবে।<br>**ভর্তির সময়**- প্রভাতি ও দিবা উভয় শাখা সকাল ১০:০০টা থেকে বেলা ২:০০টা পর্যন্ত |
| ৩০/১২/২০২১খ্রিঃ বৃহস্পতিবার | ২৯/১২/২০২১খ্রিঃ বুধবারের মধ্যে যেসব ছাত্র ভর্তি হতে ব্যর্থ হবে তাদের শূন্য আসন (যদি থাকে) এর বিপরীতে **অপেক্ষমান তালিকা থেকে ৩য় বার নির্বাচিত** ছাত্রদের তালিকা সকাল ১০.০০ টায় বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।<br>প্রভাতি ও দিবা উভয় শাখার **অপেক্ষমান তালিকা থেকে ৩য় বার নির্বাচিত** ছাত্রদের ভর্তির মূল আবেদনপত্র ও ভর্তির জন্য নির্বাচিত হওয়ার ফলাফলের কপিসহ নিজে উপস্থিত হয়ে নগদ ১০.০০ টাকার বিনিময়ে সকাল ১০:০০টা থেকে বেলা ১২:০০টার মধ্যে ভর্তি ফরম সংগ্রহ করতে হবে।<br>শুধুমাত্র ভর্তি ফরম সংগ্রহ করা **অপেক্ষমান তালিকা থেকে ৩য় বার নির্বাচিত** ছাত্রদের প্রভাতি ও দিবা উভয় শাখার স্ব-স্ব শ্রেণিতে ভর্তি করা হবে।<br>**ভর্তির সময়**- প্রভাতি ও দিবা উভয় শাখা সকাল ১০:০০টা থেকে বেলা ৪:০০টা পর্যন্ত |

*অপেক্ষমান তালিকায় সহোদর থাকলে সহোদরের প্রমাণসহ প্রধান শিক্ষক বরাবর আবেদন করতে হবে।
*অনিবার্য কারণে ভর্তির সময়সূচির পরিবর্তন হতে পারে।

-বিদ্যালয় কর্তৃপক্ষ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

# নবাবপুর সরকারি উচ্চ বিদ্যালয়

কাপ্তান বাজার, ওয়ারী, ঢাকা-১২০৩, ফোন : ৪৭১১২৮৪৬
EIIN-108487 e-mail : nawabpur1935@yahoo.com web : www.nawabpurghs.edu.bd

## ডিজিটাল লটারির মাধ্যমে নির্বাচিত ছাত্র ভর্তি কার্যক্রম- ২০২২

### ভর্তির সময় যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে -

১. পূরণকৃত ভর্তি ফরম (১ কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবিসহ)।

২. ভর্তি পরীক্ষার মূল আবেদনপত্র ও ভর্তির জন্য নির্বাচিত হওয়ার ফলাফলের কপি।

৩. পূর্বের বিদ্যালয় থেকে বিদ্যালয় ত্যাগের ছাড়পত্র (টিসি)।
(ছাড়পত্রে উল্লিখিত ছাত্রের নাম, পিতা ও মাতার নাম এবং জন্ম তারিখ ছাত্রের জন্ম নিবন্ধন অনুযায়ী হতে হবে।)

৪. ছাত্রের অনলাইন জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।
**(ছাত্রের অনলাইন জন্ম নিবন্ধন সনদের মূল কপি ভর্তির সময় দেখাতে হবে।)**

৫. পিতা ও মাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।

৬. ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তিচ্ছু ছাত্রদের পূর্বের বিদ্যালয় কর্তৃক প্রদত্ত 'প্রত্যয়ন পত্র' এর সত্যায়িত ফটোকপি এবং সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রদের কোটার স্বপক্ষে প্রত্যয়ন/প্রমাণপত্র।

৭. ৯ম শ্রেণিতে ভর্তিচ্ছু ছাত্রদের বিদ্যালয় কর্তৃক প্রদত্ত 'প্রত্যয়ন পত্র' এর সত্যায়িত ফটোকপি।

৮. ক্যাচমেন্ট এরিয়া কোটা, শিক্ষকের সংরক্ষিত কোটা, প্রতিবন্ধি কোটা ও মুক্তিযোদ্ধা কোটায় নির্বাচিত ছাত্রদের ভর্তি ফরম সংগ্রহের সময় অবশ্যই কোটার স্বপক্ষে প্রয়োজনীয় সনদ/প্রমাণ, যেমন-

ক) ক্যাচমেন্ট এরিয়া কোটার জন্য বর্তমান ঠিকানার হাল নাগাদ বিদ্যুৎ বিল/গ্যাস বিল/পানি বিল এর সত্যায়িত কপি। ভাড়াটিয়ার ক্ষেত্রে বাসার ঠিকানা ও ভাড়াটিয়ার নাম উল্লিখিত বাসা ভাড়ার রশিদের সত্যায়িত ফটোকপি অথবা বাড়ির মালিকের কাছ থেকে ভাড়া সংক্রান্ত প্রত্যয়ন পত্র।

খ) সরকারি হাই স্কুলের শিক্ষকের সংরক্ষিত কোটার জন্য পিতা/মাতার সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র।

গ) মুক্তিযোদ্ধার সন্তান/নাতি হলে মুক্তিযোদ্ধার সনদ ও সম্পর্ক প্রমাণের জন্য ওয়ার্ড কমিশনারের বা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের কাছ থেকে সম্পর্ক উল্লেখ পূর্বক সনদের সত্যায়িত ফটোকপি।

ঘ) প্রতিবন্ধী কোটায় নির্বাচিত ছাত্রের সমাজকল্যাণ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি।

৯. সরকার কর্তৃক নির্ধারিত ভর্তি ফি (ভর্তি ফরম নেওয়ার সময় জানানো হবে)।

বি.দ্র.- অপেক্ষমান তালিকায় সহোদর থাকলে সহোদরের প্রমাণসহ প্রধান শিক্ষক বরাবর আবেদন করতে হবে।

-বিদ্যালয় কর্তৃপক্ষ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়

# নবাবপুর সরকারি উচ্চ বিদ্যালয়

কাপ্তান বাজার, ওয়ারী, ঢাকা-১২০৩, ফোন : ৪৭১১২৮৪৬
**EIIN-108487 e-mail : nawabpur1935@yahoo.com web : www.nawabpurghs.edu.bd**

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

## ডিজিটাল লটারির মাধ্যমে ভর্তির ফলাফল সংক্রান্ত বিজ্ঞপ্তি- ২০২২
**১৫/১২/২০২১**

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ২০২২ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আজ সোমবার বিকাল ৩.৩০ টা থেকে আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউট, সেগুন বাগিচা, ঢাকা এর অডিটরিয়ামে ডিজিটাল লটারি অনুষ্ঠিত হচ্ছে। ডিজিটাল লটারি প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর প্রতিষ্ঠান প্রধান/অভিভাবক/শিক্ষার্থী http://gsa.teletalk.com.bd লিংক থেকে তাঁদের নির্ধারিত আইডি ও পাসওয়ার্ড দিয়ে ফলাফল ডাউনলোড করতে পারবেন।

কোভিড-১৯ এর কারণে উদ্ভুত পরিস্থিতিতে নবাবপুর সরকারি উচ্চ বিদ্যালয়ে ২০২২ সনে বিভিন্ন শ্রেণিতে ভর্তির জন্য আবেদনকারীদের মধ্য থেকে ডিজিটাল লটারির মাধ্যমে নির্বাচিত ছাত্রদের তালিকা প্রাপ্তি সাপেক্ষে আগামীকাল ১৬/১২/২০২১ তারিখ, বৃহস্পতিবার সকাল ১০:০০টায় নোটিশ বোর্ডে প্রকাশ করা হতে পারে।

অভিভাবক/ছাত্রবৃন্দকে ধৈর্য্য সহকারে ফলাফল সংগ্রহের জন্য অনুরোধ করা হলো।

-বিদ্যালয় কর্তৃপক্ষ